

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/13/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (NEW YORK STATE DEPARTMENT OF LABOR, NYS DOL) এবং ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি-এর কনস্ট্রাকশন ফ্রড টাস্ক ফোর্স দ্বারা পরিচালিত যৌথ তদন্তের পর পুনরুদ্ধারকৃত চুরি করা মজুরি থেকে ঢালাই এবং লোহা শ্রমিকদের জন্য গভর্নর কুওমো 6 মিলিয়ন ডলার প্রদানের ঘোষণা করেছেন

DOL এর 115 বছরের ইতিহাসে এককভাবে বৃহৎ পরিমাণে মজুরি পুনরুদ্ধার

মজুরি চুরির জন্য নিয়োগকর্তা দোষী সাব্যস্ত, গ্র্যান্ড লাবেসিনির অভিযোগে অভিযুক্ত

499 জন শ্রমিকের চুরি করা মজুরি AGL ইন্ডাস্ট্রিজ (AGL Industries) ফিরিয়ে দেবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার এবং ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি-এর কনস্ট্রাকশন ফ্রড টাস্ক ফোর্স দ্বারা পরিচালিত একটি যৌথ তদন্তের ফলে একটি চুক্তি হয়েছে যা প্রায় 500 মিলিয়ন ডালাই এবং লোহা শ্রমিকদের চুরি করা মজুরি থেকে প্রায় 6 মিলিয়ন ডলার ফিরিয়ে দেবে, এটি DOL এর 115 বছরের ইতিহাসে এককভাবে বৃহৎ পরিমাণে মজুরি পুনরুদ্ধার। ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এবং আয়রন ওয়ার্কস লোকাল 361 কর্তৃক একটি রেফারেলের পর ফেব্রুয়ারি 2018 সালে তদন্তটি শুরু হয়েছিল।

"শ্রমিকদের শোষণ করে এবং কঠোর উপার্জনের মজুরি কর্মীদের কাছ ছিনিয়ে নেয় এমন যেকোন ব্যবসায়ের জন্য আমাদের নিঃশর্তভাবে শূন্য সহনশীলতা নীতি রয়েছে এবং এটিই শেষ কথা",
গভর্নর কুওমো বলেন। "এই আবেদন চুক্তির মাধ্যমে আমরা AGL ইন্ডাস্ট্রিজকে এর জালিয়াতিমূলক কাজের জন্য জবাবদিহির আওতায় নিয়ে এসেছি এবং শত শত ডালাই এবং লোহা শ্রমিকদের মজুরি থেকে চুরি করা লক্ষ লক্ষ টাকা ফিরিয়ে দিচ্ছি।"

যৌথ তদন্তে জানা গেছে যে, নভেম্বর 2013 থেকে ডিসেম্বর 2017 অবধি কুইন্স কাউন্টির মাস্পেথে অবস্থিত AGL ইন্ডাস্ট্রিজ অতিরিক্ত সময়ের বেতন ও মজুরি প্রদানে শ্রমিকদের সাথে প্রতারণা করেছে এবং স্টেটের কাছে প্রতারণামূলক আর্থিক তথ্যের প্রতিবেদন দিয়েছে। শ্রমিকরা যখন কোম্পানিতে স্বল্প বেতনের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছিল, তখন তাদের জানানো হয়েছিল যে তাদের যথাযথ মজুরি পাওয়ার জন্য কোম্পানি কিছুই করতে পারবে না।

মজুরি চুরির বিচারের আইন সম্পূর্ণ পরিসরে অব্যাহত রাখার লক্ষ্যে টাস্কফোর্স কর্তৃক সর্বশেষ হাই-প্রোফাইল সরিযে নেওয়া হচ্ছে যা অন্যান্য শিল্পের চেয়ে সবচেয়ে বেশি প্রভাবগ্রস্ত কাজের পরিস্থিতিতে থাকা এবং ব্যাপক শোষণের মুখোমুখি হওয়া এই নির্মাণ শ্রমিকদের জন্য একটি স্বরণীয় বিজয়।

কাঠামোগত ইস্পাত নির্মাণের এই কোম্পানিটি তৃতীয় ডিগ্রি গ্র্যান্ড লারেসিনির অভিযোগ স্বীকার করে নিয়েছে এবং 13 আগস্টে 1.5 মিলিয়ন ডলার প্রদানের মাধ্যমে শুরু করে পাঁচ বছরের পরিকল্পনায় অর্থ ফেরত দেবে। কোম্পানির কর্মকর্তা ডোমিনিক লোফাসোকেও গ্র্যান্ড লারেসিনির জন্য ক্লাস ডি অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে।

সামগ্রিকভাবে, এজিএল 6.25 মিলিয়ন ডলার ক্ষতিপূরণ প্রদানের জন্য দায়বদ্ধ, যেখানে বেতনের ক্ষতিপূরণ পাশাপাশি স্টেটের আনইমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স (বেকারত্ব বীমা) তহবিলে জমার জন্য 260,855 ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

ডিপার্টমেন্ট অব লেবার কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "নিউ ইয়র্কে মজুরি চুরি ও জালিয়াতির কোন স্থান নেই এবং আইন অমান্যকারী বিবেকবর্জিত সংস্থাগুলোকে জবাবদিহির আওতায় আনা হবে। আমাদের পরিশ্রমী তদন্তকারী এবং ম্যানহাটনের কোঁসুলিদের পাশাপাশি লোকাল 361 এর উপলক্ষিকেও আমি ধন্যবাদ জানাই, যারা এই দুর্বৃত্তদের প্রকাশ করতে এবং তাদের বিচারের আওতায় আনতে সহায়তা করেছিলেন।"

ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি সাইরাস ভ্যান্স বলেন, "ন্যায়সঙ্গত উপার্জন থেকে প্রতারিত হওয়া শ্রমিকদের প্রায় 6 মিলিয়ন ডলার এই যুগান্তকারী প্রত্যয়ের মাধ্যমে পুনরুদ্ধার করবে। কয়েকশ লোহা শ্রমিক এবং ঢালাইয়ের শ্রমিক এখন তাদের উপার্জন পুনরুদ্ধার হতে দেখবে, যার জন্য ধন্যবাদ দিতে হয় নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার এবং আমার অফিসের কনস্ট্রাকশন ফ্রুড টাস্ক ফোর্স-কে, যেটি সৃষ্টিলাভ থেকে এখনো পর্যন্ত শ্রমিকদের 7.4 মিলিয়ন ডলার পুনরুদ্ধার করেছে। উপার্জন চুরি, যা সকল শিল্পের কর্মচারীদের প্রভাবিত করে, তবে নির্মাণ শিল্পে এটি বিশেষভাবে প্রচলিত, সেই উপার্জন চুরির বিরুদ্ধে লড়াই করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। উপার্জন চুরি হচ্ছে এমন যেকোন ব্যক্তিকে আমি আমাদের টাস্ক ফোর্সের সাথে (646) 712-0298 এই নম্বরে হোয়াটসঅ্যাপের মাধ্যমে যোগাযোগ করতে অনুরোধ করছি, যেখানে আপনি ছদ্মনামে টিপস দিতে পারেন।"

আয়রনওয়ার্কার এর লোকাল 361 এর বিজনেস ম্যানেজার ম্যাথিউ চার্ট্রান্ড বলেন, "সকল শ্রমিকের উপর যখন অবিচার করা হয় তখন শ্রমিক নেতা হিসাবে তাদের সহায়তা করা আমাদের কাজ। কনস্ট্রাকশন ফ্রুড টাস্ক ফোর্সের পাশাপাশি ডিপার্টমেন্ট অব লেবারের দুর্দান্ত দলটির প্রচেষ্টার মাধ্যমে নির্মাণ খাতের অন্যতম অসাধু ব্যক্তিকে বিচারের আওতায় আনা হচ্ছে। সকলকে ধন্যবাদ — এটি শ্রমিকদের উপকারে একটি দুর্দান্ত কাজ!"

2018 সালে, নিউ ইয়র্ক শ্রম অধিদপ্তর প্রায় 35 মিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করে এবং তা বেতন চুরি ও সরকারি কাজ সংক্রান্ত লঙ্ঘনের শিকার প্রায় 35,000 কর্মীকে ফিরিয়ে দিয়েছে। 2011 সাল থেকে, চুরি করা মজুরি থেকে প্রায় 300 মিলিয়ন ডলার DOL উদ্ধার করেছে এবং নিয়োগকর্তাদের দ্বারা প্রতারণার শিকার হওয়া 280,000 এরও বেশি শ্রমিককে এই অর্থ ফিরিয়ে দিয়েছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)